



# বাংলাদেশ কৃষি গবেষণা কাউন্সিল

কৃষিই সমৃদ্ধি

নতুন বিমানবন্দর সড়ক, ফার্মগেট, ঢাকা-১২১৫

স্মারক নং- ১২.২০.০০০০.০০১.২৯.৯৮-৫০

তারিখ: ২২/০৮/২০২৫খ্রি.

ভাইস চ্যান্সেলর  
বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয়  
ময়মনসিংহ।

**বিষয়: “তারুণ্যের উৎসব ২০২৫” উপলক্ষে “তারুণ্যের উদ্ভাবনী শক্তি, রূপান্তরিত কৃষির চালিকা শক্তি” শীর্ষক সেমিনার আয়োজন প্রসঙ্গে।**

উপর্যুক্ত বিষয়ের আলোকে জানানো যাচ্ছে যে, সরকার ঘোষিত “তারুণ্যের উৎসব ২০২৫” কর্মসূচির অংশ হিসাবে বাংলাদেশ কৃষি গবেষণা কাউন্সিল কর্তৃক ১৮ সেপ্টেম্বর ২০২৫, রোজ বৃহস্পতিবার, সকাল ৯:০০ টা হতে দুপুর ৩:০০ টা পর্যন্ত শিল্পাচার্য জয়নুল আবেদীন মিলনায়তন, বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয়-এ “তারুণ্যের উদ্ভাবনী শক্তি, রূপান্তরিত কৃষির চালিকা শক্তি” শীর্ষক একটি সেমিনার আয়োজনের উদ্যোগ গ্রহণ করেছে। সেমিনারে বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয়ের স্নাতক শেষ বর্ষ ও মাস্টার্স পর্বের শিক্ষার্থী, কৃষি উদ্যোক্তা ও উদ্ভাবক, শিক্ষক ও তরুণ বিজ্ঞানী, এনজিও এবং প্রাইভেট সেক্টরের ৫০০ জন প্রতিনিধি অংশগ্রহণকারী হিসাবে উপস্থিত থাকবেন।

এমতাবস্থায়, “তারুণ্যের উৎসব ২০২৫” কর্মসূচির অংশ হিসাবে বাংলাদেশ কৃষি গবেষণা কাউন্সিল কর্তৃক অনুষ্ঠিতব্য “তারুণ্যের উদ্ভাবনী শক্তি, রূপান্তরিত কৃষির চালিকা শক্তি” শীর্ষক সেমিনারটি শিল্পাচার্য জয়নুল আবেদীন মিলনায়তন, বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয়-এ আগামী ১৮ সেপ্টেম্বর ২০২৫, রোজ বৃহস্পতিবার, সকাল ৯:০০ টা হতে দুপুর ৩:০০ টা পর্যন্ত আয়োজনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধ জানাচ্ছি।

*নাজমুন নাহার করিম*  
২২/৮/২৫

(ড. নাজমুন নাহার করিম)

নির্বাহী চেয়ারম্যান

ফোন: ০২-৪১০২৫২৫২

ই-মেইল: ec.barc@barc.gov.bd

অনুলিপি (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১। রেজিস্ট্রার, বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয়, ময়মনসিংহ।

২। পরিচালক (কম্পিউটার ও জিআইএস), বিএআরসি, ফার্মগেট, ঢাকা। (ওয়েব সাইটে প্রকাশের অনুরোধ সহ)

৩। ভাইস চ্যান্সেলর মহোদয়ের একান্ত সচিব, বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয়, ময়মনসিংহ।

৪। অফিস কপি।

ফোন:+৮৮-০২-৪১০২৫২৫২; ফ্যাক্স:+৮৮-০২-২২২২৪২৬৪৭

ই-মেইল: ec.barc@barc.gov.bd, info@barc.gov.bd; ওয়েবসাইট: www.barc.gov.bd